



দায়িত্বে অবহেলা: মোহাম্মদপুর জোনের এসিসহ তিন পুলিশ কর্মকর্তা ক্লোজড



সংগৃহীত ছবি

দায়িত্বে অবহেলার অভিযোগে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মোহাম্মদপুর জোনের সহকারী কমিশনারসহ তিন পুলিশ কর্মকর্তাকে ক্লোজড করা হয়েছে।

ঘটনাস্থল পরিদর্শনে গিয়ে তাদের অবহেলা প্রমাণিত হওয়ায় ডিএমপির অতিরিক্ত কমিশনার এ সিদ্ধান্ত নেন।

দায়িত্বে অবহেলার অভিযোগে মোহাম্মদপুর জোনের তিন পুলিশ কর্মকর্তাকে ক্লোজড করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। তারা হলেন— সহকারী কমিশনার (এসি) মেহেদী হাসান, পরিদর্শক (অপারেশন) আব্দুল আলীম এবং ডিউটি অফিসার এসআই মাসুদুর রহমান।

গুরুবার (১৯ সেপ্টেম্বর) দুপুরে ডিএমপির অতিরিক্ত কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস) এস এন নজরুল ইসলাম থানা পরিদর্শনে গিয়ে এই নির্দেশ দেন।

ডিএমপির একটি সূত্র জানায়, কমিশনারের নির্দেশনা রয়েছে— কোনো এলাকায় ক্ষমতাসীন দলের মিছিল বা সমাবেশ হলে সংশ্লিষ্ট থানাকে সঙ্গে সঙ্গে জবাবদিহি করতে হবে। সেই অনুযায়ী জুমার নামাজের পর মোহাম্মদপুর এলাকায় পরিদর্শনে গিয়ে অতিরিক্ত কমিশনার দেখতে পান, দায়িত্ব পালনের পরিবর্তে ওই কর্মকর্তারা খাওয়া ও বিশ্রামে ব্যস্ত ছিলেন।

এমন পরিস্থিতিতে তাৎক্ষণিকভাবে তাদের ক্লোজড করার নির্দেশ দেওয়া হয়। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাদের কোনো মন্তব্য পাওয়া যায়নি।